রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, নভেম্বর ৩০, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ/২৫ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২১.২৮১— ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি প্রণয়ন এবং বাস্তবায়নে বলিষ্ঠ নেতৃত্বদান এবং তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বাংলাদেশের মানুষের জীবনমান উন্নয়নে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ ওয়ার্ল্ড ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সার্ভিসেস অ্যালায়েন্স (উইটসা) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘উইটসা এমিনেন্ট পারসনস অ্যাওয়ার্ড-২০২১’-এ ভূষিত করে।

০২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ‘উইটসা এমিনেন্ট পারসনস অ্যাওয়ার্ড-২০২১’-এ ভূষিত হওয়ায় আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের অবস্থান আরও সুসংহত হয়েছে। এতে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে মন্ত্রিসভার ০৭ অগ্রহায়ণ ১৪২৮/২২ নভেম্বর ২০২১ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

০৭ অগ্রহায়ণ ১৪২৮
ঢাকা: ---------------------
২২ নভেম্বর ২০২১

ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি প্রণয়ন এবং বাস্তবায়নে বলিষ্ঠ নেতৃত্বদান এবং তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বাংলাদেশের মানুষের জীবনমান উন্নয়নে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ ওয়ার্ল্ড ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সার্ভিসেস অ্যালায়েন্স (উইটসা) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'উইটসা এমিনেন্ট পারসনস অ্যাওয়ার্ড-২০২১'-এ ভূষিত করে। গত ১৩ নভেম্বর ২০২১ তারিখে ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজির মহাসচিব জেমস এইচ পয়জান্ট এ পুরস্কারটি হস্তান্তর করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্‌মেদ পলক পুরস্কার গ্রহণ করেন। উল্লেখ্য, বিশ্বের ৮০টি দেশের সদস্যভুক্ত সংগঠন 'ওয়ার্ল্ড ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সার্ভিসেস অ্যালায়েন্স' কর্তৃক তথ্য-প্রযুক্তির অলিম্পিক খ্যাত 'উইটসা এমিনেন্ট পারসনস অ্যাওয়ার্ড' প্রদান করা হয়। পুরস্কার হস্তান্তরকালে উক্ত অ্যালায়েন্স প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের মৌলবাদ, সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে কঠোর অবস্থানের পাশাপাশি বাংলাদেশের প্রত্যেক নাগরিকের জন্য খাদ্য ও ভোটাধিকার নিশ্চিত করার বিষয় উল্লেখ করেন।

মাননীয় প্রধানমন্ত্রী ঘরে ঘরে ডিজিটাল প্রযুক্তি পৌঁছে দেওয়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তিকে আর্থ-সামাজিক উন্নয়নের অন্যতম হাতিয়ার হিসাবে গ্রহণ করেন। তিনি বিগত এক দশকের বেশি সময়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বেশকিছু যুগান্তকারী কার্যক্রম বাস্তবায়ন করেছেন। এছাড়া তিনি ই-ফাইলিং, সেবা পদ্ধতি সহজিকরণ, ইনোভেশন এবং ডিজিটাল সার্ভিস এক্সিলারেটরের মাধ্যমে প্রচলিত ধারার সেবা পদ্ধতিতে ইতিবাচক পরিবর্তন করেন। সরকারি ক্রয় খাতে স্বচ্ছতা বিধানের লক্ষ্যে ই-জিপি চালুকরণ এবং ব্রডব্যান্ড কানেক্টিভিটি কার্যক্রম ইউনিয়ন পর্যায় পর্যন্ত চলমান রয়েছে। একইসাথে দেশের সকল ইউনিয়নসহ দ্বীপাঞ্চল, হাওর ও দুর্গম এলাকায় ব্রডব্যান্ড কানেক্টিভিটি নিশ্চিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছেন। তথ্য-প্রযুক্তি খাতে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার জন্য দেশে-বিদেশে বিভিন্ন প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। হাইটেক পার্ক নির্মাণের মাধ্যমে তথ্য ও প্রযুক্তি শিল্পের বিকাশ ও উন্নয়নসহ দেশীয় আইটি প্রতিষ্ঠানের সঙ্গে বিদেশি আইটি প্রতিষ্ঠানের সেতুবন্ধনের উদ্যোগ গ্রহণ করেছেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে মাননীয় প্রধানমন্ত্রীর এইসকল উদ্যোগ বাস্তবায়ন ও উদ্ভাবনীমূলক কাজের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন আন্তর্জাতিক পুরস্কার প্রাপ্তি বাংলাদেশের এক অনন্য অর্জন। তথ্য প্রযুক্তিতে বাংলাদেশের অর্জন বিশ্বে দেশের ভাবমূর্তি বৃদ্ধির পাশাপাশি বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখছে। তাঁর সরকারের বিভিন্ন সময়োপযোগী কর্মসূচি ও গৃহীত পদক্ষেপের ফলে দেশের প্রত্যন্ত অঞ্চলে সরকারি-সেবা পৌঁছানো সম্ভব হয়েছে, ফলে উল্লেখযোগ্য হারে দারিদ্র্য হ্রাস পেয়েছে।

মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফলভাবে উৎক্ষেপণ করা হয়েছে, যা প্রযুক্তিগত উন্নয়নের ক্ষেত্রে আরেকটি অনবদ্য সংযোজন। রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন দেশকে উন্নত রাষ্ট্র হিসাবে গড়ে তুলতে সচেষ্ট। দেশের সার্বিক প্রাগ্রসরতার ক্ষেত্রে সরকারের অবদান আজ বিশ্বব্যাপী সমাদৃত। দেশের চলমান অগ্রগতি ও সাফল্যের জন্য উন্নয়নের বিভিন্ন আন্তর্জাতিক সূচকে বাংলাদেশ বিশ্বে এক অনন্য দৃষ্টান্ত স্থাপনের সক্ষমতা অর্জন করে চলেছে। এর ফলে, বিশ্বের বুকে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল হিসাবে স্বীকৃত লাভ করেছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব, যুগোপযোগী উন্নয়ন দর্শন বিশেষ করে মানবিক ও উদারনৈতিক দৃষ্টিভঙ্গি দেশে-বিদেশে ব্যাপকভাবে প্রশংসিত ও সমাদৃত হচ্ছে। শান্তি প্রতিষ্ঠা, রাজনৈতিক স্থিতিশীলতা, গণতন্ত্র সমুন্নত রাখা ও দেশের আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের স্বীকৃতিস্বরূপ বিশ্বের বিভিন্ন স্বনামধন্য বিশ্ববিদ্যালয় এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠান প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিভিন্ন পর্যায়ে গুরুত্বপূর্ণ পদক/পুরস্কারে সম্মানিত করেছে।

মন্ত্রিসভা মনে করে 'উইটসা এমিনেন্ট পারসনস অ্যাওয়ার্ড-২০২১'-এ ভূষিত হওয়ায় আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থান আরও সুসংহত হয়েছে। এতে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে এবং তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব) উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd